দৈনিক ইত্তেফাক

তারিখ ০১।০৯।৯১
পৃষ্ঠা ১ কলাম ১

54

# ১৭ই সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিবে

(ইত্তেফাক রিপোর্ট)

আগামী ১৭ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু হইবে। ১৬ই সেপ্টেম্বর সকাল ১০টায় হলসমূহ খুলিয়া দেওয়া হইবে। গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের এক জরুরী সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিয়া সভায় সভাপতিত্ব করেন।

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

বিশ্ববিদ্যালয়ের আইন-শৃঙ্খলা পরিস্থিতি যাহাতে সশস্ত্র সংঘর্ষে পরিণত না হয়, সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য গতকালের সভায় পুনর্বার আইন-শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানান হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক শিক্ষার পরিবেশ বজায় রাখার জন্য ছাত্র সংগঠন, রাজনৈতিক দল ও অভিভাবকবৃন্দসহ সমাজের সকল মহলের জনগণের সহযোগিতা কামনা করা হয়।